



ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহুর গাড়িবহর লক্ষ্য করে হামলা



ছবি: সংগৃহীত

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর গাড়িবহর লক্ষ্য করে কাচের বোতল ছোড়ার ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (২২ অক্টোবর) রাতে জেরুজালেমের মাহানে ইহুদা বাজারের কাছে এ ঘটনা ঘটে। নিজের ৭৭তম জন্মদিন উদ্‌যাপনে যাওয়ার পথে তাঁর গাড়িবহর লক্ষ্য করে বোতলটি ছোড়া হয়। সংবাদমাধ্যম জেরুজালেম পোস্ট জানিয়েছে, বোতল নিক্ষেপের পরও গাড়িবহর না থেমে গন্তব্যের দিকে চলে যায়। এ সময় নিরাপত্তাকর্মীরা ব্যারিকেড পার হয়ে অভিযুক্ত ব্যক্তিকে খুঁজতে শুরু করেন।

নেতানিয়াহু ও তাঁর স্ত্রী সারা মাহানে ইহুদা বাজারে পৌঁছালে লিকুদ দলের সমর্থকেরা তাঁদের স্বাগত জানান। তবে এর আগে তেল আবিবের হাতিকভা বাজারে গিয়ে ক্ষোভের মুখে পড়েন নেতানিয়াহু। সেখানে এক ব্যক্তি হামাসকে অর্থ দেওয়ার বিষয়ে প্রশ্ন তুলে ভিডিও ধারণ করতে গেলে লিকুদ সমর্থকেরা তাঁর ফোন ফেলে দেন এবং তাঁর সঙ্গে ধাক্কাধাক্কি করেন বলে প্রতিবেদনে বলা হয়েছে।

ওই প্রতিবাদে ২০২৩ সালের ৭ অক্টোবরের হামলায় নিহত ও জিম্মি হওয়া ব্যক্তিদের পরিবারের সদস্যরাও অংশ নেন। নিহত জিম্মি গায় ইলুজের বাবা মিশেল ইলুজ, কারমেল গ্যাটের কাজিন গিল দিকমান এবং জিম্মি মাতান জাঙ্গাউকারের মা আইনাব জাঙ্গাউকার সেখানে উপস্থিত ছিলেন। তাঁরা ৭ অক্টোবরের নিরাপত্তা ব্যর্থতার দায় নিয়ে নেতানিয়াহুর পদত্যাগ দাবি করেন।

আইনাব জাঙ্গাউকার অভিযোগ করেন, তাঁদের সঙ্গে দুর্ব্যবহার করা হয়েছে, তাঁদের দিকে থুতু ও সবজি ছোড়া হয়েছে। পরে পুলিশ তাঁদের সেখান থেকে সরিয়ে দেয়। মিশেল ইলুজও এ ঘটনার নিন্দা জানিয়ে আগামী নির্বাচনে নাগরিকদের সঠিক সিদ্ধান্ত নেওয়ার আহ্বান জানান।